শুমারি অগ্রাধিকার

জনশুমারিতে তথ্য দিন
পরিকল্পিত উন্নয়নে অংশ নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান
শক্তিশালীকরণ (ইসিডিএস) প্রকল্প
পরিসংখ্যান ভবন (৬ষ্ঠ তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
Website: www.bbs.gov.bd

স্মারক নং-৫২.০১.০০০০.৯০৩.১৮.০০১(অংশ-১).২০-১৭৫

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক আয়োজিত Bangladesh Disaster-related Statistics (BDRS) 2021: Climate Change and Natural Disaster Perspectives এর Key Findings সহ Detailed Tables (National) এবং আন্ত:মন্ত্রণালয়/ আন্ত:সংস্থা হতে প্রাপ্ত তথ্য-উপাত্তের সংকলন Bangladesh Environment Statistics 2020 শীর্ষক রিপোর্টের প্রকাশনা অনুষ্ঠান ২৯ মার্চ (রোজ মঙ্গলবার) ২০২২ খ্রি. তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় এনইসি সম্মেলন কক্ষে (পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা) অনুষ্ঠিত হয়।

০২। উক্ত প্রকাশনা অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় পরিকল্পনা মন্ত্রী **জনাব এম. এ. মান্নান,** *এমপি,* প্রধান অতিথি এবং মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রী **প্রফেসর ড. শামসুল আলম** বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। **জনাব মো: কামরুল হাসান,** *এনডিসি,* সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং **ড. আতিক রহমান,** নিবার্হী পরিচালক, বিসিএএস, ঢাকা সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন **ড. শাহনাজ আরেফিন**, *এনডিসি,* সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়। এছাড়াও, সরকারের সচিব ও সচিব পদমর্যাদার কর্মকর্তাবৃন্দ, সংশ্লিষ্ট অধিদপ্তর/ সংস্থার মহাপরিচালক/ নির্বাহী পরিচালক/ চেয়ারম্যানগণ, পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের অতিরিক্ত সচিববৃন্দ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অতিরিক্ত সচিববৃন্দ**,** বিবিএস এর উপ-মহাপরিচালক**,** বিশিষ্ট পরিবেশবিদগণ, একাডেমিক্স, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিবৃন্দ, এনজিও প্রতিনিধিবৃন্দসহ প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। বিবিএস এর ইসিডিএস প্রকল্পের পরিচালক জনাব মো: রফিকুল ইসলাম প্রকাশনা অনুষ্ঠান সম্পর্কে বিস্তারিত উপস্থাপনা প্রদান করেন।

ক) জরিপের পটভূমি: বর্তমান সময়ে জলবায়ু পরিবর্তন আলোচিত একটি বিষয়। গ্রীন হাউজ গ্যাস নি:সরণ ও ভূ-পৃষ্ঠের উষ্ণতা বৃদ্ধির প্রভাবে জলবায়ুতে পরিবর্তন হচ্ছে। ভৌগোলিক অবস্থান ও জলবায়ু পরিবর্তনের কারণে প্রাকৃতিক দুর্যোগ এদেশে একটি নিত্যনৈমিত্তিক ঘটনা। সামগ্রিক জনজীবনে প্রাকৃতিক দুর্যোগ যেমন: খরা, বন্যা, জলমগ্নতা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস, টর্নেডো, বজ্রপাত/বজ্রঝড়, নদী/উপকূলীয় ভাঙ্গান, ভূমিধস, লবণাক্ততা, শিলাবৃষ্টি প্রভৃতি কৃষি উৎপাদন বিশেষ করে শস্য, গবাদিপশু, হাঁস-মুরগি, মৎস্য, বন প্রভৃতি) কলকারখানা/মিসিনারিজ (কৃষি, শিল্প ও অফিস), বৃহৎ স্থাপনা (রাস্তা-ঘাট, যোগাযোগ ব্যবস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, অফিস-আদালত, হাসপাতাল ও ক্লিনিক, আইসিটি, বিদ্যুত, মার্কেট, হাট-বাজার প্রভৃতি) ভূমি, বাসস্থান, স্বাস্থ্য ও সানিটেশন প্রভৃতি সর্বোপরি মানুষের আর্থ-সামাজিক অবস্থার ব্যাপক পরিবর্তন সাধন করে, তার হালনাগাদ সঠিক তথ্যের অভাবে সরকারের সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য কর্মসূচি গ্রহণ করা কষ্টসাধ্য হয়ে পড়ে। বিধায় বিবিএস ইসিডিএস প্রকল্পের মাধ্যমে দ্বিতীয়বারের মতো এই জরিপ পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছিল।

খ) জরিপের উদ্দেশ্য: এই জরিপের উদ্দেশ্যসমূহ হচ্ছেঃ

১) দুর্যোগ প্রবণ এলাকার দুর্যোগ প্রবণ এলাকার খানার আর্থ-সামাজিক বৈশিষ্ট্য নিরূপণ;

২) প্রাকৃতিক দুর্যোগে কৃষি খাতের (শস্য, মৎস্য, গবাদিপশু, হাঁস-মুরগি প্রভৃতি) উৎপাদনের ক্ষয়-ক্ষতির হিসাব নিরূপণ;

৩) দুর্যোগ প্রবণ এলাকার সেক্টরভিত্তিকসহ প্রধান দুর্যোগের বিপরীতে ক্ষতিগ্রস্থ জমির (ভূমি) তথ্য-উপাত্ত সংগ্রহ;

৪) দুর্গত এলাকার আক্রান্ত/ক্ষতিগ্রস্থ বাড়ি (বসতঘর, রান্নাঘর গোয়ালঘর), অবকাঠামো, খানার আওতায় সামাজিক বন (উঠানের গাছপালাসহ) প্রভৃতির ক্ষয়-ক্ষতির হিসাব নিরূপণ;

৫) দুর্যোগ প্রবণ এলাকার মানুষের স্বাস্থ্য ও স্যানিটেশনের (Health and Sanitation) তথ্য-উপাত্ত সংগ্রহ

৬) দুর্গত এলাকার নারী, শিশু, বয়স্ক ও প্রতিবন্ধীদের বিপদাপন্নতা নিরূপণ এবং

৭) জলবায়ু পরিবর্তন, জলবায়ু পরিবর্তনের প্রভাব, দুর্যোগ এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে জনসচেতনতা বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করা।

গ) জরিপের পরিধি ও ব্যাপ্তি: বাংলাদেশের ৬৪ জেলার ১১টি প্রধান দুর্যোগের বিপরীতে দুর্যোগ প্রবণ এলাকা থেকে খানাভিত্তিক এই জরিপ ডিজিটাল পদ্ধতি ব্যবহারপূর্বক দীর্ঘ প্রশ্নপত্রের মাধ্যমে সাক্ষাৎকারের ভিত্তিতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। বিবিএস জলবায়ু পরিবর্তনের অনুঘটকসমূহ যেমন: তাপমাত্রা, বৃষ্টিপাত, কার্বন নি:সরণ, গ্রিন হাউজ গ্যাস প্রভৃতির উপর ভিত্তি করে জরিপটি পরিচালনা করেনি। বিবিএস মূলত: খানাভিত্তিক জলবায়ু পরিবর্তন জনিত প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক তথ্য-উপাত্ত সংগ্রহ করে রিপোর্ট প্রণয়নের কাজ করছে।

ঘ) বিডিআরএস ২০২১ জরিপের পদ্ধতি: জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুর্যোগভিত্তিক ১১ টি কোডের বিপরীতে **29,199** মৌজা চিহ্নিত করা হয়। **Two Stage Sampling** পদ্ধতি অনুসরণপূর্বক Kish Allocation এর মাধ্যমে **প্রথম পর্যায়ে** চিহ্নিত মৌজার তালিকা থেকে **8,২৪০ টি** মৌজা (Primary Sampling Unit-PSU) নির্বাচন করা হয় এবং সংশ্লিষ্ট মৌজায় পূর্ণাঙ্গভাবে **খানা তালিকা প্রণয়ন** করা হয়। **দ্বিতীয় পর্যায়ে ৪,২৪০ টি** মৌজার নির্বাচিত দুর্যোগে আক্রান্ত/ ক্ষতিগ্রস্থ খানার মধ্য থেকে সরল দৈব নমুনা চয়ন **(Simple Random Sample-SRS)** পদ্ধতিতে চূড়ান্ত নির্বাচিত **৩০ (ত্রিশ) টি** খানা হতে ডিজিটাল পদ্ধতির (ট্যাবলেট) মাধ্যমে মোবাইল ও ওয়েব অ্যাপলিকেশন ব্যবহার করে রিয়াল টাইম ডাটা সংগ্রহের মাধ্যমে এই জরিপ কার্যক্রম পরিচালনা করা হয়। জেলাভিত্তিক দুর্যোগ বিষয়ক পরিসংখ্যান প্রস্তুতের লক্ষ্যে প্রতি জেলা হতে কমপক্ষে ১৩৮০টি খানার তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। প্রকৃতপক্ষে জরিপকালীন সময়ে ৬৪ জেলার **৪,২৪০ টি** মৌজার **সর্বমোট 127,200 খানা** হতে দীর্ঘ প্রশ্নপত্রের মাধ্যমে সাক্ষাৎকারের ভিত্তিতে তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। বিবিএস কর্তৃক যে কয়টি সর্ব বৃহৎ আকারের নমুনা জরিপ পরিচালনা করা হয়েছে তার মধ্যে এটি অন্যতম।

ঙ) জরিপ হতে প্রাপ্ত উল্লেখযোগ্য ফলাফলঃ

(01) দুর্যোগ প্রবণ এলাকার খানা ও জনসংখ্যার পরিধি: বিডিআরএস ২০২১ জরিপে ৬৪ জেলার দুর্যোগ প্রবণ এলাকায় ৭৫ লক্ষ ১৫ হাজার ৯৭৭ টি খানা এবং জনসংখ্যা ৩ কোটি ৪১ লক্ষ ১২ হাজার ৯১০ আওতাভুক্ত করা হয়েছে । অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে ৬৪ জেলার দুর্যোগ প্রবণ এলাকায় ৪৩ লক্ষ ৬১ হাজার ২৬১ টি খানা রয়েছে এবং জনসংখ্যা ২ কোটি ২০ লক্ষ ৪ হাজার ৩৬৭ জন আওতাভুক্ত করা হয়েছিল।

(02) দুর্যোগ প্রবণ এলাকার বসবাসের প্রধান ঘরের কাঠামো: বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার বসবাসের প্রধান ঘর ৫৯.১৩% কাঁচা, ২৯.১৫% অর্ধপাকা, ১০.৭১% পাকা, ঝুপড়ি ০.৯৩% এবং অন্যান্য ০.০৮% চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার প্রধান ঘর ৭০.৩১% কাঁচা, ১৭.৪৪% অর্ধপাকা, ১০.১৯% পাকা, ঝুপড়ি ১.৯৫% এবং অন্যান্য ০.১১% চিহ্নিত করা হয়েছিল।

(03) দুর্যোগ প্রবণ এলাকার খানার খাবার পানির উৎস: বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার খাবার পানির নিরাপদ উৎস ৯৬.০৪% এবং ৩.৯৬% পানির উৎস পুকুর, কূপ, খাল, নদী, বৃষ্টি ও অন্যান্য চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার খাবার পানির উৎস ৯৫.২৩% সাপ্লাই/পাইপ, স্যালো/ডিপ টিউবওয়েল, নলকূপ এবং ৪.৭৭% পানির উৎস পুকুর, কূপ ও অন্যান্য চিহ্নিত করা হয়েছিল।

(04) টয়লেট (পায়খানা) ফ্যাসিলিটি: বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার মোট পাকা পায়খানা (ওয়াটার সিল ও সিল বিহীন) ৫২.৪৩%, কাঁচা পায়খানা ৪৫.৪৮% এবং খোলা জায়গা ২.০৯% চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার মোট পাকা পায়খানা (ওয়াটার সিল ও সিল বিহীন) ৪৯.৯০%, কাঁচা পায়খানা ৪৬.৫৬% এবং খোলা জায়গা ৩.৫৪% চিহ্নিত করা হয়েছিল।

(05) আলোর উৎস: বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার আলোর উৎস হচ্ছে ৯৪.০৬% ইলেকট্রিসিটি, ৪.০১% সোলার এনার্জি, কেরোসিন ও অন্যান্য ১.৯২% চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার আলোর উৎস হচ্ছে ৫৯.৯৮% ইলেকট্রিসিটি ও সোলার পাওয়ার, কেরোসিন ও অন্যান্য ৪০.০২% চিহ্নিত করা হয়েছিল।

(06) **<u>শিক্ষাগত স্তর:</u>** বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার সদস্যদের শিক্ষাগত যোগ্যতার দিক থেকে লক্ষ্য করা যাচ্ছে যে, ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পাশ ৩৪.১৮%, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত পাশ ২৩.৬৭%, এসএসসি/এইচএসসি সমমানের পাশ ১৪.৪৮%, স্নাতক/স্নাতকোত্তর পাশ মাত্র ৩.২৬% এবং কোন ধরণের শিক্ষাই গ্রহণ করেনি এদের সংখ্যা ২৩.৫০%। অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার সদস্যদের শিক্ষাগত যোগ্যতা ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পাশ ৩৩%, ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত পাশ ১৯%, এসএসসি/এইচএসসি সমমানের পাশ ৯%, স্নাতক/স্নাতকোত্তর পাশ মাত্র ১% এবং কোন ধরণের শিক্ষাই গ্রহণ করেনি এদের সংখ্যা সবচেয়ে বেশি অথাৎ ৩৮% চিহ্নিত করা হয়েছিল।

(07) **<u>খানার আয়ের প্রধান উৎস:</u>** বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার প্রধান আয়ের উৎস অনুসারে দেখা যায়, সবচেয়ে বেশি খানার আয়ের উৎস হচ্ছে কৃষি ৩৫.৪৩%, দ্বিতীয় প্রধান উৎস হচ্ছে দিন মজুরি ৩১.৪৩% (কৃষি দিন মজুর ও অকৃষি দিন মজুর), ১৭.৬২%খানার আয়ের উৎস ব্যবসা, ১২.৬০% সেবা (সকল ধরণের চাকুরি), ০.৬৮% শিল্প (শুধুমাত্র শিল্পের মালিক) এবং ২.২৩% অন্যান্য আয়ের উৎসের সাথে জড়িত (গৃহ-পরিচারিকা, ভিক্ষক প্রভৃতি)। অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে দুর্যোগ প্রবণ এলাকার খানার প্রধান আয়ের উৎস কৃষি (৩৬%), দিন মজুরি অথাৎ ৩৩% (কৃষি দিন মজুর ও অকৃষি দিন মজুর), ১৫%খানার আয়ের উৎস ব্যবসা, ১৪% সেবা (সকল ধরণের চাকুরি), ১% শিল্প (শুধুমাত্র শিল্পের মালিক) এবং ২% অন্যান্য আয়ের উৎসের সাথে জড়িত (গৃহ-পরিচারিকা, ভিক্ষক প্রভৃতি) চিহ্নিত করা হয়েছিল।

(08) **<u>দুর্যোগে আক্রান্ত খানার সংখ্যা (দুর্যোগের ধরণ অনুযায়ী):</u>** বিডিআরএস ২০২১ জরিপে ২০১৫-২০২০ খ্রি. সময়কালে অর্থাৎ ০৬ বছরে দুর্যোগ প্রবণ এলাকার আক্রান্ত **সর্বমোট ৭৫ লক্ষ ১৫ হাজার ৯৭৭ টি** খানার মধ্যে **বন্যায়** ৫৪.৬৯%, **ঘূর্ণিঝড়ে** ৩৪%, **বজ্রপাত ও বজ্রঝড়ে** (কালবৈশাখী ও আশ্বিনী ঝড়সহ) ১৪.২২%, **খড়ায়** ৪.৭২%**, জলমগ্নতায়** ১০.১৬%**, শিলাবৃষ্টিতে** ১৭.৮৩%**, জলোচ্ছাসে** ২.২৬%**, নদী/উপকূলীয় ভাঙ্গনে** ১০.০৪%, **টর্নেডোতে** ৫.২৮%, **লবণাক্ততায়** ৩.২৭%, **ভূমিধসে** ০.৪০% এবং **অন্যান্য দুর্যোগ** যেমন, কুয়াশা, শৈত্যপ্রবাহ, পোকামাকড়ের আক্রমণ প্রভৃতিতে ০.০৭% খানার ক্ষতিগ্রস্ততা চিহ্নিত করা হয়েছে। অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে ২০০৯-২০১৪ খ্রি. সময়কালে অর্থাৎ ০৬ বছরে দুর্যোগ প্রবণ এলাকার আক্রান্ত **সর্বমোট ৪৩,৬১,২৬১ টি** খানার মধ্যে **বন্যায়** ৩৪.৪৮%, **ঘূর্ণিঝড়ে** ২১.৩১%, **বজ্রপাত ও বজ্রঝড়ে** (কালবৈশাখী ও আশ্বিনী ঝড়সহ) ১৪.৯৪%, **খড়ায়** ১৪.৮০%**, জলমগ্নতায়** ১৩.৮৮%**, শিলাবৃষ্টিতে** ১১.৮৮%**, জলোচ্ছাসে** ৮.৬৫% **, নদী/উপকূলীয় ভাঙ্গনে** ৪.৯৫% , **টর্নেডোতে** ৪.১৪%, **লবণাক্ততায়** ৪.০৯%, **ভূমিধসে** ০.০৮% এবং **অন্যান্য দুর্যোগ** যেমন, কুয়াশা, শৈত্যপ্রবাহ, পোকামাকড়ের আক্রমণ প্রভৃতিতে ৭.৯০% খানা আক্রান্ত হয়েছিল।

(09) **<u>দুর্যোগে আক্রান্তের সময়:</u>** ২০১৫-২০২০ সময়কালে অর্থাৎ ছয় বছরে দুর্যোগ প্রবণ এলাকার খানার ৫৪% খানা একবার, ৩১% খানা ২ বার, ১৫% খানা তিন বা ততোধিকবার দুর্যোগে আক্রান্ত হয়েছে। অন্যদিকে ২০০৯-২০১৪ সময়কালে অর্থাৎ ছয় বছরে দুর্যোগ প্রবণ এলাকার খানার ৫৬% খানা একবার, ২৭% খানা ২ বার, ১৭% খানা তিন বা ততোধিকবার দুর্যোগে আক্রান্ত হয়েছিল।

(10) **<u>কর্মবিহীন দিনের গড় সময়:</u>** ২০১৫-২০২০ সময়কালে অর্থাৎ ছয় বছরে দুর্যোগ প্রবণ এলাকার খানার সদস্যরা গড়ে ২১.০৩ দিন কর্ম থেকে বিরত ছিল। প্রধানত: বন্যায় ৪২.৬৮দিন, নদী/উপকূলীয় ভাঙ্গনে ৩.৮৭দিন, জলমগ্নতায় ৬.০৭দিন, খড়ায় ১.৬৩দিন, জলোচ্ছাসে ১.৫৫দিন, ঘূর্ণিঝড়ে ২১.২৩দিন, বজ্রপাত ও বজ্রঝড়ে (কালবৈশাখী ও আশ্বিনী ঝড়সহ) ৬.৫৫দিন দুর্যোগ প্রবণ এলাকার খানার সদস্যরা কর্ম থেকে বিরত ছিলেন। অন্যদিকে ২০০৯-২০১৪ সময়কালে অর্থাৎ ছয় বছরে দুর্যোগ প্রবণ এলাকার খানার সদস্যরা গড়ে ১২.১৩ দিন কর্ম থেকে বিরত ছিল। প্রধানত: বন্যায় ১৭.৬৩ দিন, নদী/উপকূলীয় ভাঙ্গনে ১৬.৮৬ দিন, জলমগ্নতায় ১৪.৮৫ দিন, খড়ায় ১২.০৯ দিন, জলোচ্ছাসে ১০.৮০ দিন, ঘূর্ণিঝড়ে ৯.৩৩ দিন, বজ্রপাত ও বজ্রঝড়ে (কালবৈশাখী ও আশ্বিনী ঝড়সহ) ৭.৬০ দিন দুর্যোগ প্রবণ এলাকার খানার সদস্যরা কর্ম থেকে বিরত ছিলেন।

(11) **<u>প্রাকৃতিক দুর্যোগে খানাভিত্তিক ক্ষয়-ক্ষতি (Damage and Loss) নিরূপণ:</u>** এই জরিপের একটি অতি গুরুত্বপূর্ণ ফলাফল হলো প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়-ক্ষতি হিসাব নিরূপণ। প্রাকৃতিক দুর্যোগে গত ২০১৫-২০২০ সময়কালে অর্থাৎ ০৬ (ছয়) বছরে **<u>আর্থিক ক্ষতি ১৭ লক্ষ ৯১ হাজার ৯৮৮ মিলিয়ন টাকা।</u>** এর মধ্যে **শস্য** খাতে ২৮.৯০%, **প্রাণিসম্পদে** ৩.৯৮%, **পোলট্রিতে** ১.৫১%, **মৎস্য খাতে** ৩.৭১%, **জমি (ভূমি) অবক্ষয়ে ক্ষতি মূল্য হ্রাসসহ** ৫২.৫৬% ও বসতঘর, রান্নাঘর, গোয়ালঘর, অবকাঠামো প্রভৃতি ৭.৩৮% এবং খানাভিত্তিক সামাজিক বনসহ উঠানের গাছ-পালায় ১.৯৬% ক্ষয়-ক্ষতি হয়েছে। উল্লেখ্য যে , **<u>বৃহৎ কৃষি সেক্টরে (শস্য + প্রাণিসম্পদ + পোল্ট্রি + মৎস্য+ বন) সর্বমোট ৭ লক্ষ ১৭ হাজার ৮৩১ মিলিয়ন টাকা (৪০.০৬%) ক্ষতি হয়েছে।</u>** আবার প্রাকৃতিক দুর্যোগগুলোর মধ্যে বন্যায় আর্থিক ক্ষতি ১০ লক্ষ ১০ হাজার ৮৮২ মিলিয়ন টাকা (৫৬.৪১%),

নদী/উপকূলীয় ভাঙ্গনে ২ লক্ষ ৬৮ হাজার ৭০৩ মিলিয়ন টাকা (১৪.৯৯%) ও ঘূর্ণিঝড়ে ২লক্ষ ৫৫ হাজার ৩৮২ মিলিয়ন টাকার (১৪.২৫%) ক্ষতি হয়েছে। অন্যদিকে গত ২০০৯-২০১৪ খ্রি. পর্যন্ত ০৬ (ছয়) বছরে **খানাভিত্তিক আর্থিক ক্ষতি ১ লক্ষ ৮৪ হাজার ২৪৭ মিলিয়ন টাকা।** এর মধ্যে **শস্য** খাতে ৩৬.২০%, **প্রাণিসম্পদে** ৪.৭৬%, **পোলট্রিতে** ১.২১%, **মৎস্য খাতে** ৫.৮২%, **জমিতে** ২৬.৭২% ও বসতঘর, রান্নাঘর ও গোয়ালঘর ১৭.১৯% এবং উঠানের গাছ-পালায় ৮.১০% ক্ষয়-ক্ষতি হয়েছে। উল্লেখ্য যে ,**বৃহৎ কৃষি সেক্টরে (শস্য + প্রাণিসম্পদ + পোল্ট্রি + মৎস্য) সর্বমোট ৮৮ হাজার ৪১৪ মিলিয়ন টাকা (৪৮.০০%) ক্ষতি হয়েছে।** আবার প্রাকৃতিক দুর্যোগগুলোর মধ্যে বন্যায় আর্থিক ক্ষতি ৪২ হাজার ৮০৭ মিলিয়ন টাকা (২৩.২৩%), নদী/উপকূলীয় ভাঙ্গনে ৩৬ হাজার ৪০৯ মিলিয়ন টাকা (১৯.৭৬%) ও ঘূর্ণিঝড়ে ২৮ হাজার ৩৮৫ মিলিয়ন টাকার (১৫.৪১%) ক্ষতি হয়েছিল ।

(12) **জমির ক্ষয়-ক্ষতি:** প্রাকৃতিক দুর্যোগে ২০১৫-২০২০ সময়কালে অর্থাৎ ০৬ (ছয়) বছরে খানাভিত্তিক ৮ লক্ষ ৬৮ হাজার ২০৬ একর জমির মধ্যে বন্যায় সর্বোচ্চ ৪৬.৫৯% জমি ক্ষতিগ্রস্ত, নদী/উপকূলীয় ভাঙ্গনে ৩৬.৫৩%, জলমগ্নতায় ১০.৬১%, অবশিষ্ট জমি অন্যান্য চারটি দুর্যোগে ক্ষতিগ্রস্ত হয়েছে। অন্যদিকে প্রাকৃতিক দুর্যোগে গত ২০০৯-২০১৪ পর্যন্ত ০৬ (ছয়) বছরে খানাভিত্তিক ১৫৫,১৭৫ একর জমির মধ্যে নদী/উপকূলীয় ভাঙ্গনে সর্বোচ্চ ৬৮.২৬% জমি ক্ষতিগ্রস্ত, বন্যায় ১৩.৯৯%, লবণাক্ততায় ১০.৪৪%, অবশিষ্ট ৭.৩২ জমি অন্যান্য পাঁচটি দুর্যোগে ক্ষতিগ্রস্ত হয়েছে।

(13) **দুর্যোগে আক্রান্ত (অসুস্থ, আহত প্রভৃতি) খানার সদস্যদের চিকিৎসা ব্যয়:** বিডিআরএস ২০২১ জরিপে প্রাকৃতিক দুর্যোগে গত ২০১৫-২০২০ সময়কালে অর্থাৎ ০৬ (ছয়) বছরে অসুস্থ, আহত প্রভৃতিতে খানার ২৪ লক্ষ ১২ হাজার ৩৮৯ জন সদস্যদের চিকিৎসা বাবদ ব্যয় হয়েছে 39,420.8৫ মিলিয়ন টাকা। মাথাপিছু গড় চিকিৎসা ব্যয় হয়েছে ১৬ হাজার ৩৪১ টাকা; যার মধ্যে ১৪ লক্ষ ৪৮ হাজার ৪৯৮ জন শিশুর মাথাপিছু গড় চিকিৎসা ব্যয় হয়েছে ১৭৮২১.১৭ টাকা।

(14) **দুর্যোগে আক্রান্ত খানার আর্থিক সহায়তা:** প্রাকৃতিক দুর্যোগে গত ২০১৫-২০২২ সময়কালে অর্থাৎ ০৬ (ছয়) বছরে দুর্যোগে আক্রান্ত ৭৪.০২% খানা সরকার, ১২.১৯% খানা এনজিও/আন্তজার্তিক সংস্থা, ৯.৬৭% খানা স্থানীয় ধনী ব্যক্তি/সমবায় সমিতি, ৮.০৬% খানা ব্যবসায়ী প্রতিষ্ঠান এবং ৩.৮৩% খানা অন্যান্য উৎস (আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব প্রভৃতি) থেকে আর্থিক সহায়তা পাওয়ার তথ্য বিবিআরএস ২০২১ জরিপ থেকে উঠে এসেছে। অন্যদিকে প্রাকৃতিক দুর্যোগে গত ২০০৯-২০১৪ পর্যন্ত ০৬ (ছয়) বছরে দুর্যোগে আক্রান্তে আর্থিক সহায়তা ৭৪% খানা সরকার, ১৫% খানা এনজিও/আন্তজার্তিক সংস্থা, ৪% খানা স্থানীয় ধনী ব্যক্তি, ৩% খানা ব্যবসায়ী প্রতিষ্ঠান এবং ২% খানা অন্যান্য উৎস (আত্মীয় স্বজন, বন্ধু-বান্ধব প্রভৃতি) থেকে আর্থিক সহায়তা পেয়েছিল।

(15) **দুর্যোগে অসুস্থতা ও আহত:** প্রাকৃতিক দুর্যোগে গত ২০১৫-২০২০ সময়কালে ২৫ লক্ষ ৮৮ হাজার ৯২৫ জন খানার সদস্য অসুস্থ এবং ১ লক্ষ ৭২ হাজার ৪২৬ জন আহত হওয়ার তথ্য বিডিআরএস ২০২১ জরিপ থেকে পাওয়া গেছে। যা গত বিডিআরএস ২০১৫ জরিপে (২০০৯-২০১৪ খ্রি. পর্যন্ত) ০৬ (ছয়) বছরে ১৮ লক্ষ ৯০ হাজার ৭৩৪ জন খানার সদস্য অসুস্থ ও আহত হয়েছিল।

(16) **দুর্যোগে শিশুর অসুস্থতা আক্রান্ত:** প্রাকৃতিক দুর্যোগে ২০১৫-২০২০ পর্যন্ত ০৬ (ছয়) বছরে ০০-১৭ বছর বয়সী ১৫ লক্ষ ৩৪ হাজার ৪৭৪ জন শিশু বিভিন্ন রোগে আক্রান্ত হয়েছিল। বন্যার কারণে সর্বোচ্চ সংখ্যক শিশু অর্থাৎ ৫০.০২% শিশু অসুস্থ, দ্বিতীয় সর্বোচ্চ অর্থাৎ ১৯.৭৭% শিশু জলমগ্নতায় অসুস্থ এবং প্রচন্ড খড়ার কারণে ১৫.১৯% শিশুর অসুস্থার চিত্র বিবিআরএস ২০২১ জরিপের মাধ্যমে ফুঁটে উটেছে।

(17) **পানযোগ্য পানির অপর্যাপ্ততার কারণে রোগ:** প্রাকৃতিক দুর্যোগে ২০১৫-২০২০ পর্যন্ত ০৬ (ছয়) বছরে পানযোগ্য পানির অপর্যাপ্ততার কারণে যথাক্রমে ৪৪.১৪% ডায়রিয়ায়, ২০.২২% আমাশয়, ঠান্ডা/সর্দি-কাশিতে ৪০.৩৭%, চর্মরোগে ৩১.৪৭, জ্বরে ২৩.৭০, জন্ডিসে ১১.১০ এবং ৫.৫৭% অন্যান্য রোগে আক্রান্ত হওয়ার তথ্য বিডিআরএস ২০২১ জরিপের মাধ্যমে পাওয়া গেছে। যা প্রাকৃতিক দুর্যোগে গত ২০০৯-২০১৪ খ্রি. পর্যন্ত ০৬ (ছয়) বছরে পানযোগ্য পানির অপর্যাপ্ততার অভাবে যথাক্রমে ৩৬.৬৬% ডায়রিয়ায়, ২১.০৬% আমাশয়, ১৫.১৭% সর্দি-কাশি, ৯.৯৭% চর্মরোগ, ৯.২৭% জ্বর, ২.৭৩% জন্ডিস এবং ৫.১৪% অন্যান্য রোগে আক্রান্ত হয়েছিল।

(18) **খানার চিকিৎসা সুবিধা:** প্রাকৃতিক দুর্যোগে গত ২০১৫-২০২০ সময়কালে খানার সদস্যরা ৪০.৬৮% ঔষুধের দোকান, ৪৬.৯৩% জেলা/ উপজেলা/ ইউনিয়নের সরকারি হাসপাতাল বা ক্লিনিক, ৪১.৪৬% গ্রাম্য ডাক্তার, ১৫.০৬% কমিউনিটি ক্লিনিক, ১৪.৪৪% এমবিবিএস ডাক্তার, ৫.১০% কবিরাজ/বৈদ্য, ১১.৪৩% ঘরোয়া চিকিৎসা/ নিজস্ব চিকিৎসা, ২.২০% খানার সদস্য অন্যান্য জায়গা থেকে চিকিৎসা সেবা গ্রহণ করে। অন্যদিকে ০.২৬% খানার সদস্যগণ কোন চিকিৎসা সেবা গ্রহণ না

করার চিত্র বিডিআরএস ২০২১ জরিপ থেকে উঠে এসেছে। অন্যদিকে প্রাকৃতিক দুর্যোগে গত ২০০৯-২০১৪ পর্যন্ত ০৬ (ছয়) বছরে রোগাক্রান্ত খানার ৪৪% ঔষুধের দোকান, ১১% সরকারি হাসপাতাল, ৯% কবিরাজ/বৈদ্য, ৮% এমবিবিএস ডাক্তার, ৪% ঘরোয়া চিকিৎসা, ১০% সদস্যগণ অন্যান্য জায়গা থেকে চিকিৎসা সেবা গ্রহণ করে। অন্যদিকে ১৪% খানার সদস্যগণ কোন চিকিৎসা সেবা গ্রহণ করতো না।

(19) **দুর্যোগের কারণে শিশুর (০০-১৭ বছর) স্কুলে অনুপস্থিতি:** বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকায় প্রাকৃতিক দুর্যোগে গত ২০১৫-২০২২ সময়কালে অর্থাৎ ০৬ (ছয়) বছরে শিশুর স্কুলে অনুপস্থিতির প্রধান কারণ ছিল অসুস্থতা ও আহত ৭২.৩৯%, যোগাযোগ ব্যবস্থার অবনতি ২০.৪২% ও বিদ্যালয়ের অবকাঠামে ক্ষতিগ্রস্ত/ধ্বংসপ্রাপ্ত ২.৮৩%। অন্যদিকে দুর্যোগ প্রবণ এলাকায় প্রাকৃতিক দুর্যোগে গত ২০০৯-২০১৪ খ্রি. পর্যন্ত ০৬ (ছয়) বছরে শিশুর স্কুলে অনুপস্থিতির প্রধান কারণ ছিল যোগাযোগ ব্যবস্থার অবনতি (৭৩%), অসুস্থতা (১০%) ও বিদ্যালয় ক্ষতিগ্রস্ত/ধ্বংসপ্রাপ্ত (৮.৪১%) ছিল।

(20) **জলবায়ু পরিবর্তনের প্রভাব সংক্রান্ত জ্ঞান ও ধারণা:** বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকা খানার সদস্যগণের জলবায়ু পরিবর্তনের প্রভাব বলতে ৩৫.৫৭% সদস্য খড়া, ৩৫.৬০% সদস্য সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, ৬৭.৭৫% সদস্য বন্যা/জলমগ্নতা এবং অবশিষ্ট খানার সদস্যদের টর্নেডো, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস প্রভৃতি সম্পর্কে জ্ঞান ও ধারণা রয়েছে। অন্য দিকে বিডিআরএস ২০১৫ জরিপে দুর্যোগ প্রবণ এলাকা খানার সদস্যগণের জলবায়ু পরিবর্তনের প্রভাব বলতে ৩৪.৪২% সদস্য খড়া, ৩২.৪২% সদস্য সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, ১৭.৭৩% সদস্য বন্যা/জলমগ্নতা, ১০.৭৪% সদস্য টর্নেডো, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস প্রভৃতি সম্পর্কে জ্ঞান ও ধারণা ছিল।

(21) **দুর্যোগ সংক্রান্ত জ্ঞান ও ধারণা:** বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ প্রবণ এলাকা ৫৪.৭০% খানার সদস্য দুর্যোগ বলতে মারাত্মক পরিস্থিতি যা প্রকৃতি বা মানব সৃষ্ট আপদের ফলে সৃষ্ট হয়, ২২% খানার সদস্যগণ দুর্যোগ বলতে চলমান স্বাভাবিক প্রক্রিয়া যা সময়ে সময়ে ঘটে থাকে, ২১.৪০% দুর্যোগ এমন একটি ঘটনা যা কোন কারণ ছাড়াই ঘটে থাকে এবং ১.৯০% খানার সদস্যদের দুর্যোগ বিষয়ে কোন জ্ঞান বা ধারণা নেই। অন্যদিকে, বিডিআরএস ২০১৫ জরিপে দেখা যায়, দুর্যোগ প্রবণ এলাকা ৪৩.৫৩% খানার সদস্যগণ দুর্যোগ বলতে মারাত্মক পরিস্থিতি যা প্রকৃতি বা মানব সৃষ্ট আপদের ফলে সৃষ্ট হয়, ৩৪.৯০% খানার সদস্যগণ দুর্যোগ বলতে চলমান স্বাভাবিক প্রক্রিয়া যা সময়ে সময়ে ঘটে থাকে, ১৮.১০% দুর্যোগ এমন একটি ঘটনা যা কোন কারণ ছাড়াই ঘটে থাকে এবং ৩.৪৬% খানার সদস্যদের দুর্যোগ বিষয়ে কোন জ্ঞান বা ধারণা ছিলনা।

(22) **দুর্যোগ ব্যবস্থাপনা সংক্রান্ত জ্ঞান ও ধারণা:** বিডিআরএস ২০২১ জরিপে দুর্যোগ ব্যবস্থাপনা বলতে ৬০.৬০% খানার সদস্যগণের ধারণা দুর্যোগের ক্ষয়-ক্ষতি হ্রাসের লক্ষ্যে দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ-পরবর্তী যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাকে বোঝায়, ৩৭.০৪% খানার সদস্যগণের ধারণা দুর্যোগকালীন সময়ে শুধুমাত্র ক্ষতিগ্রস্তদের সহায়তা এবং ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের পাশে দাঁড়ানোকে বুঝায়, এবং ২.১০% খানার সদস্যদের দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কে কোন জ্ঞান নেই। অন্যদিকে বিডিআরএস ২০১৫ জরিপে দুর্যোগ ব্যবস্থাপনা বলতে ৫৮.৪১% খানার সদস্যগণের ধারণা দুর্যোগের ক্ষয়-ক্ষতি হ্রাসের লক্ষ্যে দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন ও দুর্যোগ-পরবর্তী যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাকে বোঝেন, ৩৮.৩৬% খানার সদস্যগণের ধারণা দুর্যোগকালীন সময়ে শুধুমাত্র ক্ষতিগ্রস্তদের সহায়তা বা পাশে দাঁড়ানোকে বুঝায়, এবং ৩.২৩% খানার সদস্যদের দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কে কোন জ্ঞান ছিলনা।

(23) **অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, Sendai framework for Disaster Risk Reduction Ges SDGs** বাস্তবায়নে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নে বিডিআরএস ২০২১ জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য-উপাত্ত দুর্যোগ প্রবণ এলাকার জন্য এসডিজি-এর ডাটা সোর্স হিসেবে ০৯ টি সূচক যথাক্রমে ১.৪১, ১.৫.১, ১.৫.২, ৪.১.২, ৪.৩.১, ৭.১.১, ১১.৫.১, ১৩.১.১, ১১.৫.২ এবং আংশিক ও পরোক্ষভাবে আরো ১১টি সূচকের তথ্য-উপাত্ত প্রণয়ন করা সম্ভব হয়েছে এবং এসডিজি সংশ্লিষ্ট সেন্দাই ফ্রেমওয়ার্ক ফর ডিজাস্টার রিস্ক রিডাকশন এর ০৪টি টার্গেটের ডাটা সোর্স হিসেবে তথ্য-উপাত্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। BDRS 2021 এবং Bangladesh Environment Statistics 2020 শীর্ষক রিপোর্টের Z_¨-DcvË জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক কর্মপরিকল্পনা ও প্রটোকল বাস্তবায়ন পরিবীক্ষণে সংশ্লিষ্ট সূচকের ‖f‖Ë উপাত্ত ও তুলনামূলক বিশ্লেষণে KvR Kiv i cvkvcwk ক) জলবায়ু পরিবর্তন ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় কৌশল নির্ধারণে সহায়ক ভূমিকা পালন করবে খ) প্রাপ্ত তথ্য-উপাত্ত জন-সাধারণের মাঝে অভিযোজন সক্ষমতা বৃদ্ধি করবে গ) সরকারি এবং বেসরকারি বিভিন্ন কর্মসূচি গ্রহণে প্রাপ্ত ফলাফল সহায়ক ভূমিকা পালন করবে ঘ) জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে কর্ম-পরিকল্পনা নির্ধারণ ও গ্রহণে এ জরিপের ফলাফল অন্যতম নির্দেশক হিসেবে বিবেচিত হবে ঙ) সরকারের স্বল্প-মেয়াদি, মধ্য-মেয়াদি এবং দীর্ঘ-

মেয়াদি পরিকল্পনা প্রণয়নে প্রাপ্ত ফলাফল ভূমিকা রাখবে; চ) স্থানীয়, আঞ্চলিক এবং আন্তর্জাতিক পরিমন্ডলে জলবায়ুর প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত তুলনামূলক বিশ্লেষণে উপাদান হিসেবে কাজ করবে ছ) ছাত্র-শিক্ষক, গবেষক, নীতি-নির্ধারক, পরিকল্পনাবিদদের কাছে এই জরিপের ফলাফল সঠিক নীতি ও কৌশল প্রণয়নে সহায়ক হবে এবং জ) সাধারণ জনসাধারণের মাঝে এই জরিপের প্রাপ্ত ফলাফল সচেতনতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে।

(24) বর্ণিতাবস্থায়, প্রকাশনার মাধ্যমে প্রাপ্ত Z_¨-DcvË আপনার বহু প্রচলিত জাতীয় দৈনিক/ বহুল প্রচারিত ইলেক্ট্রনিক মিডিয়ায়/ অনলাইন মিডিয়া/ ইউটিউব চ্যানেল/ সামাজিক যোগাযোগের সকল মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিডিআরএস ২০২১ এর Key Findings

স্বাক্ষরিত: ২৯ মার্চ ২০২২ খ্রি.

মো: রফিকুল ইসলাম
প্রকল্প পরিচালক
টেলিফোন : ০২-৫৫০০৭০৪৭
ইমেইল : pd_ecds@bbs.gov.bd

স্মারক নং-৫২.০১.০০০০.৯০৩.১৮.০০১(অংশ-১).২০-১৭৫

তারিখ: ১৫ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ / ২৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

1) **জনাব মো: গোলাম মোস্তফা,** যুগ্মপরিচালক, বিবিএস ও প্রচার কমিটির টিম লিডার **(আপনাকে কমিটির সদস্যদের সহায়তায় প্রেস বিজ্ঞপ্তিটি প্রচার কমিটির কার্য-পরিধি মোতাবেক দ্রুততার সাথে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।**
2) জাতীয় দৈনিক (সকল)..
3) বিটিভি/ বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল)..
4) বাংলাদেশ বেতার/সেরকারী বেতার/কমিউনিটি রেডিও (সকল)..
5) অন লাইন মিডিয়া (সকল)..

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। **সচিবের একান্ত সচিব,** পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত প্রেরণ করা হলো)।
০২। স্টাফ অফিসার, মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। ব্যক্তিগত কর্মকর্তা, উপ-মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।

স্বাক্ষরিত: ২৯ মার্চ ২০২২ খ্রি.

মো: রফিকুল ইসলাম
প্রকল্প পরিচালক
টেলিফোন : ০২-৫৫০০৭০৪৭
ইমেইল : pd_ecds@bbs.gov.bd

Key Findings of the BDRS 2021

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
01	**Coverage of Population by Sample Survey**	**34112910**	**100.00**	**20204367**	**100.00**
	Male	17230203	50.51	10497444	51.96
	Female	16872619	49.46	9706923	48.04
	Hijra	10087	0.03		
02	**Coverage of Households by Sample Survey & Household Size**	**7515977**	**4.54**	**4361261**	**4.63**
03	**Type of Ownership of Household**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Own	7061280	93.95	4180270	95.85
	Rented	167196	2.22	65065	1.49
	Rent free	166862	2.22	88191	2.02
	Others	120638	1.61	27735	0.64
04	**Type of Main Dwelling Structure**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Pucca	805186	10.71	444447	10.19
	Semi pucca	2190540	29.15	760531	17.44
	Kutcha	4444115	59.13	3066364	70.31
	Jhupri	70083	0.93	84987	1.95
	Others	6053	0.08	4931	0.11
05	**Main Source of Drinking Water**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Pipe/Tap Supply	880417	11.71	186877	4.28
	Shallow Tube well (Up to 199 feet)	4797897	63.84		
	Deep Tube well (200 feet or more)	1540225	20.49		
	Shallow/Deep Tube Well			604600	13.86
	Tube Well			3361627	77.08
	Improved Sources of Drinking Water	**7218539**	**96.04**	**4153104**	**95.22**
	Pond/Dighi	125616	1.67	132993	3.05
	Others (Cannel/River/Rainfall/Waterfall	171821	2.29	75163	1.72
06	**Type of Toilet Facility**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Pucca Slab (water sealed)	1794560	23.88	803661	18.43
	Pucca Slab (not water sealed)	2146010	28.55	1372574	31.47
	Kutcha	3418008	45.48	2030788	46.56
	Open space/No latrine	157400	2.09	154238	3.54

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
07	**Main Source of Lightening**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Electricity	7069741	94.06	2172901	49.82
	Solar Energy	301723	4.01	443201	10.16
	Kerosene	130321	1.73	1726708	39.59
	Others	14193	0.19	18451	0.42
08	**Main Source of Cooking Fuel**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Wood/Fuel wood/Bamboo	3943597	52.47	1790532	41.06
	Cow dung/Leaves/Straw	2611802	34.75	2492363	57.14
	Gas/LPG/Biogas/Kerosene/Electricity	947958	12.61	75426	1.73
	Others	12621	0.17	2941	0.07
09	**Number of Households by Size of Operated Land**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	0.00 - 0.04 Acre	1082860	14.41	502916	11.53
	0.05 - 4.99 Acre	6290006	83.69	3749014	85.96
	5.00 + Acre	143111	1.90	109331	2.51
10	**Main Source of Annual Income of Household**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Agriculture	2663092	35.43	1568629	35.97
	Industry	51324	0.68	15049	0.35
	Service	947217	12.60	615785	14.12
	Business	1324426	17.62	644428	14.78
	Day Labour	2362408	31.43	1422285	32.61
	Others	167510	2.23	95084	2.18
11	**Population by Age Group**	**34112910**	**100.00**	**20204367**	**100.00**
	0 – 4 Year	2942338	8.63	1919995	9.50
	05 – 17 Year	8771919	25.71	6097562	30.18
	18 – 36 Year	11200355	32.83	6490279	32.12
	37 – 60 Year	8573295	25.13	4559610	22.57
	61 + Year	2625003	7.70	1136921	5.63
12	**Education Rate (Age 5+)**	**31170572**	**100.00**	**17362575**	**100.00**
	No Education	7326439	23.50	6656371	38.34
	Primary (Class I to V & Equivalent)	10653360	34.18	5656437	32.58
	Secondary (Class VI to IX & Equivalent)	7376813	23.67	3223284	18.56
	SSC/HSC/Equivalent/Diploma	4514914	14.48	1602116	9.23
	Graduate/Masters	1015868	3.26	224366	1.29
	Others	283179	0.91		

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
13	**Marital Status (Age 10+)**	**28010922**	**100.00**	**15832147**	**100.00**
	Unmarried	8617864	30.77	5087415	32.13
	Married	17844610	63.71	10033305	63.37
	Divorced	126276	0.45	41686	0.26
	Separated	64013	0.23	35900	0.23
	Widow/Widowed	1358158	4.85	633842	4.00
14	**Affected Household by Disaster (Multiple Answer)**	**7515977**		**4361261**	
	Drought	354739	4.72	645381	14.80
	Flood	4110532	54.69	1503742	34.48
	Water Logging	763676	10.16	605299	13.88
	Cyclone	2555137	34.00	929410	21.31
	Tornado	396614	5.28	180422	4.14
	Storm/Tidal Surge	169759	2.26	377265	8.65
	Thunderstorm/Lightening	1068659	14.22	651492	14.94
	River/Coastal Erosion	754979	10.04	215702	4.95
	Landslide	30379	0.40	3520	0.08
	Salinity	245845	3.27	178521	4.09
	Hailstorm	1339898	17.83	518180	11.88
	Others	7061	0.09	344410	7.90
15	**Number of Households of Non-Working Days by Disaster (Multiple Answer)**	**7515977**		**4361261**	
	Drought	122642	1.63	325242	12.09
	Flood	3207475	42.68	1071377	17.63
	Water Logging	456403	6.07	442145	14.85
	Cyclone	1595463	21.23	762788	9.33
	Tornado	189505	2.52	129754	5.72
	Storm/Tidal Surge	116787	1.55	316257	10.80
	Thunderstorm/Lightening	492002	6.55	253272	7.60
	River/Coastal Erosion	290628	3.87	143973	16.86
	Landslide	19235	0.26	2019	5.67
	Salinity	70438	0.94	60064	6.80
	Hailstorm	488188	6.50	298410	5.30
	Others	1819	0.02	173708	7.15

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
16	**Got Early Warning by Type of Media (Multiple Answer)**				
	Radio		3.34		24.67
	Television		47.11		37.76
	Making		19.27		14.04
	Community		45.61		
	Local Administration		6.81		2.91
	Mobile Telephone/SMS		44.55		20.61
	Internet/Media		15.25		
	Others		4.24		
17	**Damage and Loss by Type of Disaster (In Million TK.)**	**1791988**	**100.00**	**184247.34**	**100.00**
	Drought	27344	1.53	10569.2	5.74
	Flood	1010882	56.41	42807.19	23.23
	Water Logging	93860	5.24	16062.24	8.72
	Cyclone	255382	14.25	28384.81	15.41
	Tornado	15226	0.85	4299.03	2.33
	Storm/Tidal Surge	15475	0.86	12676.02	6.88
	Thunderstorm/Lightening	29195	1.63	10940.12	5.94
	River/Coastal Erosion	268703	14.99	36408.92	19.76
	Landslide	6082	0.34	249.01	0.14
	Salinity	20756	1.16	6072.94	3.30
	Hailstorm	48945	2.73	11471.69	6.23
	Others	136	0.01	4306.11	2.34
18	**Sector Wise Damage and Loss (In Million TK.)**	**1791988**	**100.00**	**184247.34**	**100.00**
	Crops	517961	28.90	66703.42	36.20
	Livestock	71373	3.98	8772.16	4.76
	Poultry	26976	1.51	2224.88	1.21
	Fishery	66460	3.71	10713.99	5.82
	Land Degradation including reduced valuation	941843	52.56	49229.73	26.72
	Dwelling & Others Infrastructures	132315	7.38	31676.89	17.19
	Homestead Forestry	35061	1.96	14926.27	8.10

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
19	**Damage of Land by Disaster (In Acres)**	**868206**	**100.00**	**155175**	**100.00**
	Drought	28548	3.29	1250	0.81
	Flood	404501	46.59	21704	13.99
	Water Logging	92120	10.61	4098	2.64
	Storm/Tidal Surge	7192	0.83	5456	3.52
	River/Coastal Erosion	317186	36.53	105928	68.26
	Landslide	6295	0.73	541	0.35
	Salinity	12363	1.42	16196	10.44
20	**Got Financial/rehabilitation support (Multiple Answer)**	**1736394**		**605319**	
	Government Organization	1285353	74.02	446353	73.74
	NGO/International organizations	211643	12.19	88361	14.60
	Local Elite Person/Local Society Welfare/Cooperative Society	167993	9.67	43470	7.18
	Business enterprises	139894	8.06	15923	2.63
	Others	66575	3.83	11211	1.85
21	**Sickness by Disaster**	**2588925**	**100.00**	**1890734**	**100.00**
	Drought	291859	11.27	133610	7.07
	Flood	1412684	54.57	905781	47.91
	Water Logging	383057	14.80	235009	12.43
	Cyclone	327221	12.64	228215	12.07
	Tornado	13774	0.53	22613	1.20
	Storm/Tidal Surge	11879	0.46	86347	4.57
	Thunderstorm/Lightening	71174	2.75	89675	4.74
	River/Coastal Erosion	11065	0.43	16139	0.85
	Landslide	1506	0.06	785	0.04
	Salinity	131975	5.10	15073	0.80
	Hailstorm	27508	1.06	65887	3.48
	Others	63598	2.46	91600	4.84
22	**Injured by Disaster**	**172426**	**100.00**	**32908**	**100.00**
	Flood	94394	54.74	13786	41.89
	Water Logging	15446	8.96	2526	7.68
	Cyclone	40982	23.77	5006	15.21
	Tornado	6575	3.81	2770	8.42
	Storm/Tidal Surge	3327	1.93	1272	3.87

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
	Thunderstorm/Lightening	16270	9.44	2200	6.69
	River/Coastal Erosion	3323	1.93	1370	4.16
	Landslide	278	0.16	3	0.01
	Hailstorm	4959	2.88	2989	9.08
	Others	4214	2.44	988	3.00
23	**Disability by Disaster**	**9950**	**100.00**		
	Flood	4314	43.36		
	Water Logging	19	0.19		
	Cyclone	2591	26.04		
	Tornado	561	5.64		
	Thunderstorm/Lightening	1560	15.68		
	River/Coastal Erosion	314	3.16		
	Landslide	193	1.94		
	Hailstorm	69	0.69		
	Others	329	3.31		
24	**Source of Drinking Water of Households during Disaster (Multiple Answer)**	**7515977**	**100.00**		
	Pipe/Tap Supply	95394	1.27		
	Shallow Tube well (Up to 199 feet)	4586379	61.02		
	Deep Tube well (200 feet or more)	2155151	28.67		
	Pond/Dighi	624168	8.30		
	Others (Cannel/River/Rainfall/Water fall/Well/Bottle Water)	664435	8.84		
25	**Source of water for domestic (cleanliness cooking & sewerage) use before Disaster (Multiple Answer)**	**7515977**	**100.00**		
	Pipe/Tap (WASA/Municipality)	96709	1.29		
	Shallow Tube well (Up to 199 feet)	4590059	61.07		
	Deep Tube well (200 feet or more)	1483585	19.74		
	Pond/Dighi	1687969	22.46		
	Others (Canal/River/Rainfall/Water fall/Well/Bottled Water)	1144645	15.23		
26	**Source of water for domestic (cleanliness cooking & sewerage) use during Disaster (Multiple Answer)**	**7515977**	**100.00**		
	Pipe/Tap Supply	47582	0.63		

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
	Shallow Tubewell (Up to 199 feet)	2250656	29.94		
	Deep Tube well (200 feet or more)	740579	9.85		
	Pond/Dighi	4465541	59.41		
	Others (Canal/River/Rainfall/Water fall/Well/Bottled Water)	4786161	63.68		
27	**Main Diseases due to scarcity of water (Multiple Answer)**	**428079**		**613474**	
	Diarrhoea	188963	44.14	224869	36.66
	Dysentery	86563	20.22	129204	21.06
	Skin Disease	134723	31.47	61160	9.97
	Cold/Cough	172818	40.37	93034	15.17
	Fever	101434	23.70	56877	9.27
	Jaundice	47507	11.10	16774	2.73
	Others	23843	5.57	31556	5.14
28	**Received treatment due to Scarcity of drinking water (Multiple Answer)**	**428079**	**100.00**	**613474**	**100.00**
	Did nothing	1125	0.26	85460	13.93
	Self-treatment	48949	11.43	63697	10.38
	Medicine shop/Pharmacy	174145	40.68	267118	43.54
	MBBS Doctor	61812	14.44	52409	8.54
	District Government Hospital	60072	14.03	66575	10.85
	Upazila Health & Family Welfare Clinic	91151	21.29		
	Union Health & Family Welfare Clinic	49720	11.61		
	Community Clinic	64466	15.06		
	Village doctor	177501	41.46		
	Homeo doctor/Kobiraj/Ojha	21845	5.10	53958	8.80
	Others	9411	2.20	24257	3.95
29	**Cause of Disease before Disaster (Multiple Answer) by Perception**	**7515977**		**4361261**	
	Temperature variation (too hot/too cold)	2755945	36.67	2158424	49.49
	Variation in rain (too much rain/no rain)	1795074	23.88	835893	19.17
	Water pollution	1692352	22.52	668556	15.33
	Air pollution	975560	12.98		
	Unplanned sanitation	789531	10.50	60954	1.40
	Disaster Period	814743	10.84	268219	6.15

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
	Unknown	1054965	14.04	356316	8.17
	Others	486910	6.48	12899	0.30
30	**Cause of Disease During Disaster (Multiple Answer) by Perception**	**7515977**		**4361261**	
	Temperature variation (too hot/too cold)	2219731	29.53	2158424	49.49
	Variation in rain (too much rain/no rain)	1883134	25.06	835893	19.17
	Water pollution	2440647	32.47	668556	15.33
	Air pollution	1072110	14.26	-	-
	Unplanned sanitation	896259	11.92	60954	1.40
	During disaster	1319943	17.56	268219	6.15
	Unknown	876011	11.66	356316	8.17
	Others	305444	4.06	12899	0.30
31	**Cause of Sickness Post Disaster Period (Multiple Answer) by Perception**	**7515977**		**4361261**	
	Temperature variation (too hot/too cold)	2543303	33.84	2158424	49.49
	Variation in rain (too much rain/no rain)	1918350	25.52	835893	19.17
	Water pollution	2272267	30.23	668556	15.33
	Air pollution	1105847	14.71		
	Unplanned sanitation	915933	12.19	60954	1.40
	During disaster	1027058	13.66	268219	6.15
	Unknown	962663	12.81	356316	8.17
	Others	500123	6.65	12899	0.30
32	**Death by Disaster**	**8108**	**100.00**		
	Drought	22	0.27		
	Flood	3425	42.24		
	Water Logging	710	8.76		
	Cyclone	539	6.65		
	Tornado	539	6.65		
	Storm/Tidal Surge	191	2.36		
	Thunderstorm/Lightening	2207	27.22		
	River/Coastal Erosion	246	3.03		
	Landslide	64	0.79		
	Hailstorm	165	2.04		
33	**Missing by Disaster**	**248**	**100.00**		

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
	Cyclone	81	32.66		
	Storm/Tidal Surge	119	47.98		
	Others	48	19.35		
34	**Disaster Disability of Household Member**	**34112910**	**100.00**		
	No problem	32715488	95.90		
	Speech	102661	0.30		
	Vision	164099	0.48		
	Hearing	84169	0.25		
	Physical	856810	2.51		
	Mental	129119	0.38		
	Authistic	60564	0.18		
35	**Sickness among Children caused by Disaster (Age 0 - 17 Years)**	**1534474**	**100.00**	**1314697**	**100.00**
	Drought	233035	15.19	88991	6.77
	Flood	767605	50.02	638358	48.56
	Water logging	303325	19.77	159789	12.15
	Cyclone	149224	9.72	159601	12.14
	Tornado	12740	0.83	16341	1.24
	Storm/ Tidal surge	7489	0.49	58323	4.44
	Thunderstorm	33907	2.21	70076	5.33
	River/Coast erosion	2324	0.15	10467	0.80
	Landslide	354	0.02	440	0.03
	Salinity	44665	2.91	6889	0.52
	Hailstorm	11397	0.74	42276	3.22
	Others	30823	2.01	63147	4.80
36	**Sick Children Received Treatment (Age 0 - 17 Years)**	**1534474**	**100.00**	**1314697**	**100.00**
	MBBS	421395	27.46	259052	19.70
	Paramedics Doctor/Medical Assistant/Nurse	520496	33.92	342326	26.04
	Pharmacy	260913	17.00	313603	23.85
	Village Doctor	190465	12.41	308168	23.44
	Others (Kabiraj/Homeo-Doctor/Ojha/Ayurbedic/Unani)	55553	3.62	83064	6.32
	No Treatment	85652	5.58	8484	0.65

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
37	**Reason of not Attending School of Children (Age 5 - 17 Years)**	**1015777**	**100.00**	**1078118**	**100.00**
	School infrastructure affected	28733	2.83	90622	8.41
	Income loss of Household	14596	1.44	46695	4.33
	Communication disrupted	207347	20.41	787045	73.00
	School destroyed	10875	1.07		
	Books spoiled	6235	0.61		
	Sick/injured	735309	72.39	112808	10.46
	Transfer/Migration	2187	0.22		
	Other reasons	10495	1.03	40948	3.80
38	**Knowledge and Perception about Climate Change**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Long-term changes of climatic conditions due to variation in natural processes or due to human activities	4537411	60.37	2410668	55.27
	Regional variation in temperature and rainfall	1401991	18.65	591286	13.56
	Extreme events that cause colossal and sudden loss of human life and infrastructure	1255153	16.70	700456	16.06
	Others	155606	2.07	55498	1.27
	Do not know	165817	2.21	603354	13.83
39	**Knowledge and Perception about Problem of Climate Change (Multiple Answer)**				
	Sea Level Rise		35.60		32.42
	Drought/Dryness		35.57		34.68
	Flood/Water logging		67.75		17.73
	Salinity		4.30		1.73
	Storm/Tornado/Hailstorm		3.53		6.67
	Tidal surge/Cyclone/Hurricane		8.75		4.07
	Others		0.00		2.71
	Do not Know		1.93		-
40	**Knowledge and perception about Disaster**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	Critical situation created by nature or human induced		54.70		43.53
	Usual process that occurs from time to time		22.00		34.90
	Happens without any reason		21.40		18.10
	Do not know		1.90		3.46

Serial No.	Description (Disaster Prone Areas of Bangladesh)	2021		2015	
		Number /Value	Percentage (%) /Average	Number /Value	Percentage (%) /Average
1	2	3	4	5	6
41	**Knowledge and perception about Disaster Management**	**7515977**	**100.00**	**4361261**	**100.00**
	To reduce pre-during & post disaster loss in a systematic manner is disaster management	4553332	60.60	2547278	58.41
	Assist only affected people during disaster is disaster management	1657627	22.10	1672943	38.36
	To stand beside the affected people only is disaster management	1146267	15.30	-	-
	Do not know	158751	2.10	141040	3.23
42	**Average Treatment Cost (in TK.) of Sick/ Injured/ Disabled HH Member**	**2412389**	**16341.00**		
	Tk 1 – 9999	1333435	5368.44		
	Tk 10000 – 24999	621077	16666.91		
	Tk 25000 – 49999	385316	38188.54		
	Tk 50000 – 99999	53135	61350.70		
	Tk 100000 +	19427	202626.26		
43	**Average Treatment Cost (in TK.) of Sick Children aged 0 - 17 years**	**1448498**	**17821.17**		
	Tk 1 – 9999	705262	6727.81		
	Tk 10000 – 24999	419936	17647.09		
	Tk 25000 – 49999	298392	39145.63		
	Tk 50000 – 99999	21333	67530.13		
	Tk 100000 +	3575	150225.10		

SDGs and SFDRR Indicators and Sub-indicators 2020 by BDRS 2021 Survey

SDGs Indicators & Sub-Indicators No.	Description of SDGs and SFDRR Indicators	SDGs & SFDRR Indicators 2020	Baseline of SDGs & SFDRR Indicators 2015
1.4.1	**Proportion of Population Living in Households with Access to Basic Services**		
	a) Sanitation	**52.43**	**49.90**
	b) Electricity	**94.06**	**49.82**
	c) Clean Fuel	**12.61**	**1.73**
	[National: Sanitation 81.5%, Electricity 96.2%, (SRVRS 2020), Clean Fuel 29.24% (SRVRS 2020]		
1.5.1, 11.5.1, 13.1.1	**Number of Deaths, Missing persons, Injured, Sickness and directly affected persons attributed to disasters per 100,000 population**	**3765.80**	**12881**

SDGs Indicators & Sub-Indicators No.	Description of SDGs and SFDRR Indicators	SDGs & SFDRR Indicators 2020	Baseline of SDGs & SFDRR Indicators 2015
1.5.1.1	a) Disaster Deaths	**0.85**	
1.5.1.2	b) Missing Persons	**0.03**	
1.5.1.3	c) Injured Persons	**18.09**	
1.5.1.4	d) Disaster Sickness	**167.77**	
1.5.1.5	e) Affected Persons	**3578.03**	
1.5.2, 11.5.2	**Direct Economic Loss attributed to Disasters in relation to Gross Domestic Product (GDP) damage to critical infrastructure and number of disruptions to basic services (Proportion of GDP)**	**1.32**	**1.30**
1.5.2.1	**Sector Wise Damage and Loss (% Share)**	**100.00**	**100.00**
	Crops	28.90	36.20
	Livestock	3.98	4.76
	Poultry	1.51	1.21
	Fisheries	3.71	5.82
	Land Degradation	52.56	26.72
	Dwelling & Others Infrastructures	7.38	17.19
	Homestead Forestry	1.96	8.10
1.5.2.2	**Damage and Loss by Disaster (% Share)**	**100.00**	**100.00**
	Drought	1.53	5.74
	Flood	56.41	23.23
	Water Logging	5.24	8.72
	Cyclone	14.25	15.41
	Tornado	0.85	2.33
	Storm/Tidal Surge	0.86	6.88
	Thunderstorm/Lightening	1.63	5.94
	River/Coastal Erosion	14.99	19.76
	Landslide	0.34	0.14
	Salinity	1.16	3.30
	Hailstorm	2.73	6.23
	Others	0.01	2.34
4.1.2	**Completion rate of Education**		
	Primary (Class I to V & Equivalent)	34.18	32.58
	Secondary (Class VI to IX & Equivalent)	23.67	18.56
	SSC/HSC/Equivalent/Diploma	14.48	9.23
	(National: Primary: 82.6%; Lower Secondary: 64.7%; Upper Secondary: 29.4%[MICS		

SDGs Indicators & Sub-Indicators No.	Description of SDGs and SFDRR Indicators	SDGs & SFDRR Indicators 2020	Baseline of SDGs & SFDRR Indicators 2015
	2019, BBS]		
4.3.1	**Participation Rate of Youth and Adults in Formal Education [National: a) Secondary 75.62% b) H. Secondary 48.39% c) *Tertiary* 20.07 % (BANBEIS, 2020)]**		
	(a) Secondary	23.67	18.56
	(b) Higher Secondary	14.48	9.23
	(c) *Tertiary*	3.26	1.29
7.1.1	**Proportion of Population with Access to Electricity [National 96.2% (2020) SVRS, BBS]**	**94.06**	**49.82**

Vulnerability Assessment based on Quintile Income Group using BDRS 2021

Vulnerability Assessment based on Quintile Income Group of Disaster Prone Areas of Bangladesh using BDRS 2020

Lowest Income Group ↕ Highest Income Group

Income in Household Group	Average Annual Income (Tk)	Average Annual Damage and Loss (Tk.) by BDRS 2021 Sample Survey								Proportion of damage and loss to total income
		Crops	Livestock & Feed	Poultry & Egg	Fishery	Land	Housing & Others	Homestead forestry	Total	
1	2	3	4	5	6	7	8	9	10	11
Q1	31001	7380	1334	423	456	17491	2642	399	30125	**97.17**
Q2	100628	7213	1290	453	603	16792	2981	517	29848	**29.66**
Q3	158014	8963	1390	484	762	18397	2921	629	33546	**21.23**
Q4	239275	12241	1437	569	1164	19737	2907	884	38938	**16.27**
Q5	722903	22142	2500	1081	4509	32506	3229	1493	67459	**9.33**
Total	**246241**	**11486**	**1583**	**598**	**1474**	**20885**	**2934**	**777**	**39737**	**16.14**

As high as 97.17% of income goes for damage and loss in bottom quintile. While it is only 9.33% for the top quintile. Bottom quintile is more vulnerable (10.4 times) than top quintile in exposure to damage and loss. Proportion of damage and loss decrease as income goes up.

সমাপ্ত